অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো রচেস্টারেবিপন্ন থার্স্টন রোড ও চিলি অ্যাভিনিউয়ের অ্যাপার্টমেন্টের পুনর্বাসন ও সংরক্ষণের সূচনা ঘোষণা করেছেন

গভর্নর 10 মিলিয়ন ডলার প্রদান করার নির্দেশ দিয়েছেন সমস্যা কবলিত সম্পত্তিগুলির পুরোপুরি সংস্কার ও মেরামত করার জন্য

নিউ ইয়র্ক স্টেট হোম লিজিং (Home Leasing) অ্যান্ড কমিউনিটি প্রিজার্ভেশন কর্পোরেশনের সঙ্গে অংশীদারিত্ব করছে 20 জন সহায়ক পরিষেবা প্রাপক সহ, 63 জন বাসিন্দাদের জন্য সাশ্রয়ী মূল্যের ঘরবাড়ি সংরক্ষণ করার জন্য

গভর্নর কুওমো আজ রচেস্টারের দুটি বিপন্ন অ্যাপার্টমেন্ট ভবনের বড়সড় মেরামতি ও সংস্কার শুরু করার কথা ঘোষণা করেছেন। এই মেরামতি খারাপভাবে ভেঙে পড়া অ্যাপার্টমেন্টগুলিকে সংরক্ষণ করবে এবং 20টি সহায়ক ইউনিট সহ, 63 জন বাসিন্দার জন্য আবাসন সংরক্ষণ করবে পূর্বে বন্দী থাকা ও মাদক অপব্যবহারের ইতিহাস আছে এমন বাসিন্দাদের স্বাধিনভাবে সমাজে বাস করার জন্য। পুনর্বাসনের অর্থায়ন করা হয় 10 মিলিয়ন মার্কিন ডলারের সাহায্যে যা গভর্নর কুওমো, এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনার্সের (Enterprise Community Partners) সাথে সহযোগিতায় এই সম্প্রদায়ের দীর্ঘমেয়াদী সাশ্রয়ীতা সংরক্ষণের উদ্দেশ্যে নির্দেশিত করেন।

"আমরা একটি প্রতিশ্রুতি পূরণ করছি যে, আয় নির্বিশেষে সকল নিউ ইয়র্কবাসীর নিরাপদ, সুরক্ষিত এবং সাশ্রয়ী মূল্যের বাড়িতে সুস্থ জীবনযাপনের সুযোগ আছে", **গভর্নর কুওমো বলেন।** "থার্স্টন গ্রামের অ্যাপার্টমেন্টটিতে আমাদের বিনিয়োগ অধিবাসীদের জন্য এবং রচেস্টার শহরের জন্য আরো ভালো ভবিষ্যত গড়ে তুলবে।"

"এই তহবিল, রচেস্টার শহরের যে সব অ্যাপার্টমেন্টের মেরামতের প্রয়োজন, তার সংস্কার করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করবে এবং বাসিন্দাদের জন্য আবাসন বিকল্প যোগ করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই ভবনগুলোর সংরক্ষণ যাদের সব চেয়ে বেশী প্রয়োজন তাদের জন্য সহায়ক হাউজিং প্রদান করবে, যেমন যারা পদার্থ অপব্যবহারের সাথে লড়াই করছেন। এই প্রকল্পটি আমাদের চলমান প্রচেষ্টার অংশ, রাজ্য জুড়ে আবাসনহাউজিং যোগ করা এবং পুনরুদ্ধার করা, সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করা এবং জীবনযাত্রার মান বৃদ্ধি করা।"

রচেস্টারের 19তম ওয়ার্ডে দুটি ভবনে, যা 447 থার্স্টন রোড ও 963-971 চিলি অ্যাভিনিউতে অবস্থিত, মোট 63টি স্টুডিও ও এক বেডরুমের অ্যাপার্টমেন্ট রয়েছে। অ্যাপার্টমেন্টগুলির কোড লঙ্ঘনের ইতিহাস আছে এবং এগুলিতে জনস্বাস্থ্য এবং নিরাপত্তার সমস্যা রয়েছে যা বাড়িওয়ালা প্রতিকার করতে অবহেলা করেছেন। এর মধ্যে রয়েছে কাঁচা নিকাশির নল ফেটে যাওয়া, জলের ব্যবস্থা ক্ষতিগ্রস্থ হওয়া, এবং পোকা ও ইঁদুরের সংক্রমণ।

গভর্নরের নির্দেশে নিউ ইয়র্ক স্টেট হোমস্ অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) হস্তক্ষেপ করে এবং ভাড়াটিয়া, ভাড়াটের আইনজীবী, এবং স্থানীয় সাশ্রয়ী মূল্যের হাউজিং ডেভেলপার হোম লিজিং (Home Leasing) কে নিয়ে একটি সংরক্ষণ কৌশল নিয়ে কাজ করেন, যার ফলে অ্যাপার্টমেন্টগুলি সম্পূর্ণভাবে ভেঙে পুনর্বাসন করা যাবে।

এছাড়া, যে সমস্ত কাজ ভাড়াটেদের উচ্ছেদ করতে বাধ্য করা হবে, সেই সমস্ত পদক্ষেপ এড়িয়ে বিল্ডিং মালিককে দায়বদ্ধ করার পদক্ষেপ নিয়েছে। সিটি আইনি প্রক্রিয়া শুরু করে সম্পত্তিগুলি রিসিভারের অধীনে অর্পন করার জন্য যার ফলে একটি সেটেলমেন্টে আসা যায় এবং মালিকানা বদল হয় এবং নতুন ব্যবস্থাপনার হাতে আসে সম্পত্তিগুলি।

হোম লিজিং হল মালিক, ডেভেলপার ও প্রপার্টি ম্যানেজার। কাজের মধ্যে থাকবে নতুন ছাদ, নিরাপত্তা ব্যবস্থা, যান্ত্রিক ব্যবস্থা, রান্নাঘর, বাথ এবং ফিনিশ, অ্যাসবেস্টস অ্যাবেটমেন্ট এবং সরঞ্জামাদি। সংস্কার চলাকালীন বাসিন্দাদের জন্য অস্থায়ী আবাসন খুঁজতে তাদের নিয়ে কাজ করে হোম লিজিং।

নতুনভাবে সংস্কার করা অ্যাপার্টমেন্টগুলি উক্ত আঞ্চলিক মধ্যম আয়ের (Area Median Income) 60 শতাংশ বা তার কম উপার্জনকারীদের জন্য যোগ্য হবে। অবিরত সাশ্রয়ী থাকা নিশ্চিত করতে এবং অ্যাসেট ম্যানেজমেন্টের জন্য সম্পত্তিগুলি একটি 30 বছরের নিয়ন্ত্রক চুক্তির আওতায় থাকবে।

63 ইউনিটের মধ্যে কুড়িটি পদার্থ অপব্যবহারের ইতিহাস সহ গৃহহীন ব্যক্তির জন্য সহায়ক বাসস্থান হিসেবে সরিয়ে রাখা হবে । স্পিরিটাস ক্রিস্টি প্রিজন আউটরিচের সাথে অংশীদারিত্বের মাধ্যমে এই বাসিন্দারা সহায়ক পরিষেবা পাবেন যার মধ্যে রয়েছে ব্যক্তিগতকৃত আবাসিক সাফল্য পরিকল্পনা, কেস ম্যানেজমেন্ট এবং চাকরির প্রশিক্ষণ ও প্লেসমেন্ট।

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনারদের সঙ্গে অংশীদারিত্বে মেরামতের তহবিলে 10 মিলিওম মার্কিন ডলার বরাদ্দ করেন HCR। অস্থায়ী ও প্রতিবন্ধকতামূলক সহায়তার নিউ ইয়র্ক স্টেট অফিস (New York State Office of Temporary and Disability Assistance) পাঁচ বছর ধরে আনুমানিক 2.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে গভর্নরের এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে সহায়ক ইউনিটগুলির জন্য ভাড়া ভর্তুকির অর্থায়ন করতে। এই উদ্যোগ বিশেষ চাহিদা, অবস্থা বা অন্যান্য জীবনযাপন সংক্রান্ত চ্যালেঞ্জ সহ গৃহহীন হিসাবে চিহ্নিত ব্যক্তিদের জন্য উন্নয়ন এবং সহায়ক আবাসন পরিচালনার জন্য প্রদানকারীদের জন্য কর্ম পরিচালনার অর্থ প্রদান করে।

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation, CPC), নিউ ইয়র্ক স্টেট কমন রিটায়ারমেন্ট ফান্ডের (New York State Common Retirement Fund) সাথে তাদের অংশিদারিত্বের মাধ্যমে 1.18 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন প্রদান করছে। স্টেট পেনশন ফান্ড ও CPC স্বল্প ও মাঝারি আয়ের বাসিন্দাদের জন্য নিউ ইয়র্কে আবাসন উন্নয়নের উদ্দেশ্যে স্থায়ী অর্থায়ন উপলব্ধ করার জন্য একটি অংশীদারিত্ব তৈরি করেছে। একসাথে তারা প্রায় 18,000 ইউনিট নির্মাণ করেছে এবং প্রায় 3,000 এখন নির্মাণাধীন আছে।

গত বছর বিধ্বংসী আগুনে ধ্বংস 440 থার্স্টন রোডের নিকটবর্তী একটি সম্পত্তি পূণঃনির্মাণ করার পরিকল্পনা নিয়ে HCR হোম লিজিং-এর সঙ্গে কাজও করছে। নতুন ভবনটি অতিরিক্ত সাশ্রয়ী আবাসন তৈরি করবে।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করার জন্য গভর্নরের যে অঙ্গীকার তা স্টেটের এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় (Housing Plan) প্রতিফলিত হয়। এই পরিকল্পনা 100,000টি সাশ্রয়ী আবাসন ও 6,000টি সহায়ক পরিষেবা তৈরি করার বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসন সহজলভ্য করে এবং গৃহহীনতার সাথে লড়াই করে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি পূর্ণাঙ্গ পদ্ধতি এবং এতে একক ও যৌথ পরিবারের আবাসন এবং কমিউনিটির উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

2011-এর পর থেকে HCR 177 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে রচেস্টারে 2,251টি সাশ্রয়ী মূল্যের বাড়ি ও অ্যাপার্টমেন্ট তৈরি করতে, এবং ভাড়াটেদের ও স্থানীয় সমাজের নেতাদের সাথে কাজ করে চলেছে রচেস্টারের আবাসনের প্রয়োজনগুলি পূরণ করার উদ্দেশ্যে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "এসব ভবনগুলির নিম্নমানের জীবনযাপনের মানের কারণে এতে আমাদের অবিলম্বে হস্তক্ষেপ করা প্রয়োজন। এই বাসিন্দাদের এর চেয়ে ভালো পরিবেশ প্রাপ্য। রচেস্টার সম্প্রদায়ের নেতৃত্ব এবং আমাদের উন্নয়ন-সহযোগীদের ধন্যবাদ, আমরা 63টি নিরাপদ, সুন্দর অ্যাপার্টমেন্টে এই সম্পত্তিগুলিকে রুপান্তরিত করবোযা বাসিন্দারা বাড়িতে বলতে পেরে গর্বিত বোধ করবে। রাজ্য জুড়ে ভাড়াটেদের অধিকারের জন্য লড়াই করার মত একজন গভর্নরকে পেয়ে আমরা কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি এসিস্টেন্স কমিশনার মাইক হেইন বলেন, "স্থিতিশীল হাউজিং একটি ভিত হতে পারে যে পূর্বে বন্দী ব্যক্তিরা যা একটি উজ্জ্বল, আরো উত্পাদনশীল ভবিষ্যত গড়ে তুলতে ব্যবহার করতে পারেন। থার্স্টন ভিলেজের অ্যাপার্টমেন্ট সেই স্থায়িত্ব প্রদান করবে সহায়তামূলক পরিষেবাগুলির সাথে যার উপর এই ব্যক্তিরা স্বাধীনভাবে বসবাস করতে, গৃহহীনতা এড়িয়ে চলতে, এবং ধ্বংসাত্মক আচরণের প্যাটার্ন শেষ করতে নির্ভর করতে পারেন। আমরা গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এর প্রতি অবিরত সমর্থনের প্রশংসা করি, যা অসংখ্য নতুন ইয়র্কবাসীদের জীবন পরিবর্তন করতে সাহায্য করেছে।"

নিউ ইয়র্ক স্টেট কম্পট্রোলার টমাস পি. ডিনাপোলি বলেন, "থার্স্টন ভিলেজ এবং চিলি এভিনিউ অ্যাপার্টমেন্টগুলির সংস্কার করতে সাহায্য করার জন্য কমিউনিটি সংরক্ষণ কর্পোরেশনের সাথে একটি বিনিয়োগ-অংশীদার হতে পেরে আমরা সন্তুষ্ট। আমাদের রিটায়ারমেন্ট ফান্ডের জন্য এই সুযোগকে স্বাগত জানাই যা রচেস্টারের বাসিন্দাদের জন্য আবাসনের উন্নতিকে সাহায্য করে।"

অ্যাসেম্বলি সদস্য ডেভিড গ্যানট বলেন, "বড় বেশি সময় 447 থার্স্টন রোড ও 963-971 চিলি অ্যাভিনিউয়ের বাসিন্দারা ভয়ানক অবস্থার মধ্যে বাস করতে বাধ্য হন। গভর্নর কুওমো, রচেস্টার শহর এবং এই প্রকল্পের আরও অনেক অংশীদার, এই সমস্ত সম্পত্তি সংস্কার এবং বছরের পর বছর ধরে এর সাশ্রয়িতা সংরক্ষণ করার উদ্দেশ্যে একসাথে কাজ করার জন্য আমি কৃতজ্ঞ।"

মনরো কাউন্টি এক্সিকিউটিভ শেরিল ডিনল্ফো বলেন, "মনরো কাউন্টিতে, আমরা আমাদের বঞ্চিত অধিবাসীদের মধ্যে উল্লেখযোগ্য বিনিয়োগ করে মাত্র অল্প কয়েক বছরের মধ্যেই 3,000 এর বেশি পরিবারকে জন-কল্যাণ থেকে কর্ম-নিযুক্ত করতে পেরেছি। রাজ্য এবং শহরের স্তরে সরকারে অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত, স্থানীয় ডেভেলপারদের সাথে - ঝুঁকি ব্যক্তির আরো ভালভাবে পরিষেবা প্রদান করার জন্য, এবং আজকের এই ঘোষণা আরেকটি অনুস্মারক, কিভাবে আমরা একসাথে কাজ করে আরো শক্তিশালী পরিবার তৈরি করছি। এই প্রকল্পটি আশার প্রতিনিধিত্ব করে, যে সমস্ত পরিবার এই অ্যাপার্টমেন্টগুলি বাড়িতে ডাকবে, শুধু তাদের জন্যই নয়, সব মনরো কাউন্টির অধিবাসীদের জন্যও, যখন আমরা মনরোর একটি সম্প্রদায় হিসেবে সুযোগ তৈরি করার উপায়গুলি খুঁজে বার করা চালিয়ে যাবো।"

রোচেস্টারের মেয়র লাভলি ওয়ারেন বলেন, "গভর্নর অ্যান্ড্রু কুওমো, হোম লিজিং, কমিউনিটি সংরক্ষণ কর্প, সহ এবং আরো অনেক কমিউনিটির অংশীদারদের সমর্থনের জন্য ধন্যবাদ, থার্স্টন ভিলেজের অ্যাপার্টমেন্টগুলি এখন এই নীতির সাক্ষ্য বহণ করে যে নিরাপদ, ভদ্র এবং সাশ্রয়ী মূল্যের আবাসন একটি মৌলিক মানবিক অধিকার যা রচেস্টার শহর তার নাগরিকদের জন্য রক্ষা করার জন্য চেষ্টা করে। আমাদের নাগরিকদের গুণমান সম্পন্ন, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করে, যা তারা নিজের বাড়ি বলতে পেরে গর্বিত বোধ করবেন, আমাদের প্রচেষ্টার সূচনা বিন্দু আরও কাজ, নিরাপদ এবং আরো প্রাণবন্ত এলাকা তৈরি করার এবং ভাল শিক্ষার সুযোগ তৈরি করার।"

হোম লিজিং-এর চেয়ারম্যান নেলসন লিনহাউটস বলেন, "আমরা গর্বিত এই অ্যাপার্টমেন্ট সম্প্রদায় পুনরুদ্ধারের একটি অংশ হতে পেরে, এমনভাবে যা সব চেয়ে বেশি যাদের প্রয়োজন, তাদের জন্য আবাসন সংরক্ষণ করে। থার্স্টন ভিলেজের অ্যাপার্টমেন্টের মতো আবাসন বাঁচানো বৈচিত্র্যময় ও উচ্ছল জনগোষ্ঠী তৈরির ক্ষেত্রে অপরিহার্য।"

কমিউনিটি সংরক্ষণ কর্পোরেশনের প্রেসিডেন্ট-সিইও রাফায়েল সেস্টেরো বলেন, "রচেস্টারের এক অধিবাসী পুত্র হিসেবে আমি অত্যন্ত গর্বিত যে CPC আমাদের কয়েক দশক ধরে সাশ্রয়ী মূল্যের হাউজিং ফাইনান্স-এর অভিজ্ঞতাকে কাজে লাগাতে পেরেছে শহরের হাউজিং স্টক এর এই গুরুত্বপূর্ণ অংশটিকে সংরক্ষণ করতে সাহায্য করার জন্য। আমাদের মিশন হল এই সম্পত্তিগুলিতে দীর্ঘস্থায়ী

স্থায়িত্ব নিয়ে আসা যাতে সেগুলি নিরাপদ, মান সম্পন্ন সাশ্রয়ী আবাসন হিসেবে সংরক্ষণ করা যেতে পারে, যা বাসিন্দারা নিজের বাড়ি বলেগর্বিত বোধ করবে। গভর্নর কুওমো, কম্পট্রোলার ডিনাপোলি, মেয়র ওয়ারেন, HCR কমিশনার ভিনৌসকাস, হোম লিজিং এবং এন্টারপ্রাইজকে তাদের অংশীদারিত্ব এবং নিষ্ঠা জন্য আমার ধন্যবাদ।"

এন্টারপ্রাইজ কমিউনিটি পার্টনারস (Enterprise Community Partners) এর নিউ ইয়র্ক মার্কেট লিডার ও ভাইস প্রেসিডেন্ট জুডি কেন্ডে বলেন, "নিউ ইয়র্ক রাজ্যের হাউজিং স্টক সহায়ক এবং সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করার জন্য সংরক্ষণ রাজ্যের 5 বছরের হাউজিং পরিকল্পনার জন্য জরুরি এবং গুরুত্বপূর্ণ। রাজ্য জুড়ে সাশ্রয়ী মূল্যের আবাসনের জরুরি প্রয়োজন রয়েছে, এবং রচেস্টারে এই প্রয়োজনীয়তা পূরণ করার উদ্দেশ্যে থার্স্টন ভিলেজের অ্যাপার্টমেন্টগুলিতে অর্থসাহায্য করতে পেরে আমরা গর্বিত।"

হোম লিজিং এলএলসি, সম্পর্কে

রচেস্টারে স্থিত হোম লিজিং উন্নত মানের অ্যাপার্টমেন্ট সম্প্রদায়ের উন্নয়ন, নির্মাণ এবং ব্যবস্থাপনায় বিশেষজ্ঞ। এই সংস্থাটি লিনহাউটস পরিবারের তিন প্রজন্মের মালিকানাধীন এবং পরিচালনাধীন এবং 150 জনকে নিয়োগ করে যারা সহায়তা প্রদান করে বা সরাসরি যুক্ত নিউ ইয়র্ক, পেন্সিল্ভ্যানিয়া এবং মেরিল্যান্ড জুড়ে সাশ্রয়ী মূল্যের, মিশ্র-আয় এবং বাজার দরের আবাসিক সম্প্রদায়ের পরিচালনায়। 2017 সালে অলাভজনক বি ল্যাবের (B Lab) মাধ্যমে হোম লিজিং একটি প্রত্যয়িত বেনিফিট কর্পোরেশন (Certified Benefit Corporation) ("বি কর্প") হয়ে ওঠে। বি কর্পস এক নতুন ধরনের সংস্থা, যারা সামাজিক ও পরিবেশগত সমস্যার সমাধানে ব্যবসার ক্ষমতাকে ব্যবহার করে। 2019 সালে হোম লিজিংকে রচেস্টার, নিউ ইয়র্কেএকটি শীর্ষ স্থানীয় কর্মক্ষেত্র হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন